দৈনিক
ইত্তেফাক

তারিখ 22 SEP 2017
পৃ: ১৪ কলাম ৬

# কুমিল্লা শিক্ষাবোর্ড মডেল কলেজ সরকারিকরণে আনন্দ-উল্লাস

■ কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লা শিক্ষাবোর্ড মডেল কলেজ সরকারিকরণে কলেজের শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক ও নগরীর শিক্ষা সচেতন মহল উল্লোসিত। শিক্ষা মন্ত্রণালয়ের উপ-সচিব স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানাজানি হওয়ার পর কলেজ ক্যাম্পাসে তারা একে অপরকে মিষ্টি খাইয়ে আনন্দ উচ্ছ্বাস প্রকাশ করেন।

এ নিয়ে কুমিল্লা নগরীতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা হলো আটটি।

কুমিল্লা শিক্ষাবোর্ড মডেল কলেজের অধ্যক্ষ ড. এ কে এম এমদাদুল হক বৃহস্পতিবার দুপুরে জানান, প্রতিষ্ঠার পর থেকে শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের আন্তরিক প্রচেষ্টায় কলেজটি বেশ সুনাম অর্জন করে আসছে। কলেজটি সরকারি করায় আমরা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিকট কৃতজ্ঞতা জানাচ্ছি।